গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shnyc.gov.bd

**বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরে নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মহাপরিচালক<br>শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। |
| সভার তারিখ | : | ২৫/০৭/২০২৩ খ্রি. |
| বার ওসময় | : | মঙ্গলবার ও সকাল ১০:০০ টা |
| সভারস্থান | : | সম্মেলন কক্ষ, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ২০২৩-২০২৪ অর্থ বছরের "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা" বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতার কমিটির ১ম সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা" ২০২৩-২০২৪ আন্তরিকতার সাথে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। অত:পর সভাপতি নৈতিকতার কমিটির সদস্য জনাব রেবেকা সুলতানা, উপপরিচালক(প্রশিক্ষণ ও মূল্যায়ন)কে সভার কার্যপত্র অনুযায়ী তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

<table>
<tr><th>নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>০৬ এপ্রিল ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী বিষয়ে কোন সংযোজন/সংশোধন প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়।</td><td>কোনে সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>০২</td><td>সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনে অংশগ্রহণের সভা অক্টোবর ২০২৩ মাসের ১ম সপ্তাহে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন।<br>ক) ইনস্টিউটের প্রশিক্ষণার্থী- ২০ জন<br>খ) প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুবনারী- ৫ জন<br>গ) যুব সংগঠক: ৩/৪ জন</td><td>উপপরিচালক(প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>০৩</td><td>শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন বিষয় সভায় আলোচনা করা হয়।</td><td>ইনস্টিটিউটের সকল কর্মকর্তা/কর্মচারীর অংশ গ্রহণে শুদ্ধাচার প্রশিক্ষণ অক্টোবর ২০২৩ মাসে ১ম সপ্তাহে আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</td><td>উপপরিচালক(প্রশিক্ষণ ও মূল্যায়ন)</td></tr>
<tr><td>০৪</td><td>২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক ক্রয় কর্মপরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়।</td><td>ক) ২০২৩-২০২৩ অর্থ বছরে প্রস্তুতকৃত বার্ষিক ক্রয় কর্মপরিকল্পনা ৩১-০৭-২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>খ) বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>গ) পিপিআর এর বিধান যথাযথ অনুসরণ নিশ্চিত করতে হবে।</td><td>উপপরিচালক(প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>০৫</td><td>কর্মপরিবেশ উন্নয়ন কমিটি গঠন বিষয়ে আলোচনা করা হয়।</td><td>ক) কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটি নিম্ন বর্ণিতভাবে তা পুন:গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রয়োজনের কমিটি সদস্য কো-অপ্ট করতে পারবে।
<table>
<tr><td>১</td><td>জনাব কামরুন নাহার<br>উপপরিচালক(প্রশাসন ও অর্থ)</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২</td><td>ড. মো: শহীদুল ইসলাম<br>সহকারী পরিচালক(প্রশিক্ষণ)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>জনাব মো: হুমায়ুন কবীর<br>সহকারী পরিচালক(প্রকাশনা)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>জনাব মো: মাসুদুর রহমান<br>সহকারী পরিচালক(অর্থ)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>জনাব মো: আবদুল কাইয়ূম<br>সহকারী পরিচালক(প্রশাসন)</td><td>সদস্য সচিব</td></tr>
</table></td><td>উপপরিচালক(প্রশাসন ও অর্থ)</td></tr>
</table>

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | উক্ত কমিটি ০১(এক) মাসের মধ্যে কর্মপরিবেশ উন্নয়ন (টিএন্ডই ভুক্ত অকেজো মালামাল নিস্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) বিষয়ে সভা করে কার্যবিববরণী দাখিল করবে।<br><br>খ) ডেঙ্গু প্রতিরোধে ইনস্টিটিউট চত্বর, হোস্টেল প্রাঙ্গণ ও আবাসিক কমপ্লেক্সের পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। | |
| ০৬ | যানবাহনের যথাযথ ব্যবহার নিয়ে সভায় আলোচনা করা হয়। | সরকারী নির্দেশনা অনুযায়ী যানবাহনসমূহের রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং ব্যয় সাশ্রয় সংক্রান্ত নির্দেশনা মতে জ্বালানীর ব্যবহার নিশ্চিত করতে হবে। | উপপরিচালক(প্রশাসন ও অর্থ) |
| ০৭ | ডিপ্লোমা কোর্সের ভর্তির আবেদন অনলাইন ব্যবস্থাপনা সিস্টেম চালকুরণ বিষয়ে সভা আলোচনা করা হয় | বর্তমানে ডিপ্লোমা কোর্সের ভর্তির আবেদন ১০০% অনলাইন ব্যবস্থাপনা সিস্টেম চালু রয়েছে এবং তা অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন) |
| ০৮ | সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির আবেদনের অনলাইন ব্যবস্থাপনা সিস্টেম বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বর্তমানে ভর্তির আবেদন ১০০% অনলাইন ব্যবস্থাপনা সিস্টেম চালু রয়েছে এবং তা অব্যাহত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন) |
| ০৯ | ইনস্টিটিউটের প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষণার্থীদের প্রস্তুতকৃত ডাটাবেজ ও প্রশিক্ষণের জন্য আবেদনপত্র দাখিলের বিষয়ে ওয়েব পেইজ সিস্টেম গঠন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ইনোভেশন ও সেবাসহজীকরণের আওতায় একটি ওয়েব বেজড সিস্টেমের মাধ্যমে প্রশিক্ষণে আগ্রহী যুব ও যুব নারীদের আবেদন গ্রহণ, বাছাই সম্পন্নকরণ এবং ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যে গৃহীতব্য কার্যক্রম সম্পর্কে সুপারিশ প্রণয়ন করতে হবে। | ইনোভেশন টিম |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৬/০৭/২০২৩
আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন : ০২-২২৪৪২৬০৩০
ই-মেইল :dgshniyd@shniyd.gov.bd

স্মারকনং- ৩৪.০৬.২৬৭২.০০০.০৬.১৭৭.২৩-১৯৪৯ তারিখঃ ২৬.০৭.২০২৩ খ্রি:

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ**

০১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মহোদয়ের সদয় অবগতির জন্য)
০২। জনাব ..........................................................., শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
০৪। অফিস কপি।

২৬/৭/২৩

আবদুল কাইয়ূম
সকারী পরিচালক(প্রশাসন)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।